অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইস্ট বাফেলোতে 950 ব্রডওয়ে ডেভেলপমেন্টের নির্মাণকাজ শুরুর ঘোষণা করলেন

প্রকল্পে থাকবে 28টি সাশ্রয়ী আবাসন ইউনিট এবং বিনামূল্যের হেড স্টার্ট শিশু শিক্ষা কর্মসূচি

বাফেলোর 10 মিলিয়ন মার্কিন ডলারের ব্রডওয়ে-ফিলমোর ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ অর্থের 11টি প্রকল্পের একটি, রেন্ডারিং দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ইস্ট বাফেলোতে 950 ব্রডওয়ে এলএলসির (950 Broadway LLC) নির্মাণকাজ শুরু হয়েছে। সিডারল্যান্ড ডেভেলপমেন্ট এলএলসির (Cedarland Development LLC) 13.5 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি ইস্ট বাফেলোর একটি 50,000 বর্গফুটের খালি এবং স্বল্প ব্যবহৃত ভবনকে সংস্কার করবে এবং এটিকে একটি মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টে রূপান্তরিত করবে যেখানে 28টি সাশ্রয়ী আবাসন ইউনিট, একটি বিনামূল্যের হেড স্টার্ট শিশু শিক্ষা কর্মসূচি (Head Start child education program) এবং একটি প্রস্তাবিত ইনডোর আর্বান ফার্ম থাকবে। ভবনটি 18 বছর ধরে অব্যবহৃত পড়ে আছে, এবং ভবনের কিছু অংশ এর আগেও দশক ধরে খালি পড়ে ছিলো। কাজ সম্পূর্ণ হয়ে গেলে, সংস্কার করা 950 ব্রডওয়ে ইস্ট বাফেলোর সবথেকে দৃশ্যমান ইন্টারসেকশনগুলির একটিতে পূর্বে খুচরা বিক্রির দোকান থেকে অফিস হয়ে যাওয়া ভবনে নতুন প্রাণ সঞ্চার করবে। গভর্নর হোকল এর পূর্বে ঘোষণা করেছিলেন যে একটি 10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) বিজয়ী হিসেবে বাফেলোর ব্রডওয়ে-ফিলমোর এলাকার অন্য 10টি রূপান্তরমূলক প্রকল্পের সাথে 950 ব্রডওয়ে এলএলসিকে নির্বাচিত করা হয়েছে।

"আজকে 950 ব্রডওয়ের কাজ শুরু হওয়া হবে ইস্ট বাফেলোতে দীর্ঘদিন ধরে খালি পড়ে থাকা প্রধান একটি কাঠামোর নতুন সূচনা," **গভর্নর হোকল বলেন।** "ব্রডওয়ে-ফিলমোর এলাকার এক সময়কার ব্লাইট হয়ে থাকা ঐতিহাসিক এই ভবনটি এখন সম্প্রদায়ের একটি নোঙ্গর হবে এবং অর্থনৈতিক বিকাশের অনুঘটক হবে। এখানে বাসা তৈরি করা হবে, এবং বাফেলো সম্প্রদায়ে নতুন প্রতিবেশীদের স্বাগত জানাতে আমরা উন্মুখ।"

ব্রডওয়ে এবং ফিলমোরের কোণায় অবস্থিত, পূর্বে একার্ডটস এবং কোবেকার্স ডিপার্টমেন্ট স্টোরটিতে 28টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট এবং কমিউনিটি অ্যাকশন অর্গানাইজেশন (Community

Action Organization, CAO) পরিচালিত একটি হেড স্টার্ট শিশু শিক্ষা কর্মসূচি থাকবে। ভবনের বেজমেন্টের জন্য একটি ইনডোর আর্বান ফার্মের প্রস্তাবনা প্রদান করা হয়েছে। ভবনের অ্যাপার্টমেন্টের মধ্যে থাকবে দশটি স্টুডিও অ্যাপার্টমেন্ট, 12টি এক শয়নকক্ষের ইউনিট এবং ছয়টি দুই শয়নকক্ষের ইউনিট।

বাফেলোর ব্রডওয়ে-ফিলমোর DRI রাউন্ড 5 এর একজন বিজয়ী। ইস্ট বাফেলোতে অবস্থিত এবং শহরের সবথেকে প্রাচীন এলাকাগুলির একটি হিসেবে, ব্রডওয়ে-ফিলমোর হলো ডাউনটাউন বিনিয়োগের ব্যাপারে বাফেলোর পরিকল্পনার কেন্দ্রবিন্দু। প্রধানত ঐতিহাসিক বাণিজ্যিক ভবনের অপেক্ষাকৃত বেশি মজুত নিয়ে ব্রডওয়ে-ফিলমোর বিশেষ শহুরে স্থান, মুখ্য পার্ক স্থান, খুচরা বিক্রিকেন্দ্রিক সড়ক, উন্নত এলাকার সংযোগ, বাইক এবং পথচারীর জন্য সংযোগ, স্ট্রিটস্কেপ উন্নয়ন, এবং জনতার স্থানের উন্নয়ন করার একটি ভিশন নির্ধারণ করেছে। এই গতিবেগকে কাজে লাগিয়ে বাফেলো খালি কাঠামোর আরো পুনর্গঠন উৎসাহিত করতে চায়, সবুজ স্থানের মাধ্যমে নোঙ্গর ও সুযোগসুবিধার মধ্যে আরো উন্নত সংযোগ প্রদান, সাশ্রয়ী আবাসনের সুযোগ বৃদ্ধি, এবং স্ট্রিটস্কেপ উন্নত করতে চায়।

সিডারল্যান্ডকে সহায়তা করার জন্য, নিউ ইয়র্ক স্টেট 900,000 মার্কিন ডলার মূল্যের একটি ঋণ এবং বাণিজ্যিক সংস্কার ও ভবনের স্থিতিশীলকরণকে সমর্থন করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) বেটার বাফেলো তহবিল (Better Buffalo Fund) থেকে 1.1 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের একটি অনুদান প্রদান করবে।পাশাপাশি, প্রকল্পটি ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) ব্রডওয়ে ফিলমোর এলাকার জন্য ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের রাউন্ড 5 এর মাধ্যমে ডেকেয়ার ফ্যাসিলিটি গঠনের জন্য 427,150 মার্কিন ডলার অনুদান পেয়েছে।নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) ক্ষুদ্র ভবন অংশগ্রহণ ঋণ কর্মসূচির (Small Building Participation Loan Program) মাধ্যমে প্রকল্পের সাশ্রয়ী আবাসন অংশের জন্য 2.1 মিলিয়ন মার্কিন ডলার নির্মাণ ও স্থায়ী অর্থায়ন প্রদান করছে।সম্প্রদায় সংরক্ষণ কর্পোরেশন (Community Preservation Corporation, CPC) 7.8 মিলিকন মার্কিন ডলারের নির্মাণ ঋণ এবং সেই সাথে নিউ ইয়র্ক স্টেট সাধারণ অবসর তহবিলের (New York State Common Retirement Fund) সাথে তাদের অংশীদরিত্বের মাধ্যমে অর্থায়িত 3.2 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্ক স্টেট মর্টগেজ এজেন্সির (State of New York Mortgage Agency, SONYMA) বীমাকৃত স্থায়ী ঋণ প্রদান করছে।ডেভেলপারের অংশের পাশাপাশি, প্রকল্পের উৎসের ব্যবস্থা করার জন্য জাতীয় গ্রিড (National Grid) থেকে 2.9 মিলিয়ন মার্কিন ডলার ঐতিহাসিক কর ক্রেডিট ইক্যুইটি (Historic Tax Credit Equity) এবং অতিরিক্ত প্রণোদনা পাওয়া যাবে। নিউ ইয়র্ক স্টেট মর্টগেজ এজেন্সির বীমা তহবিল CPC এর স্থায়ী অর্থায়নের জন্য মর্টগেজ বীমা প্রদান করছে।

গোলাকার গ্রানাইট, টেরা কোটা এবং স্টেইনলেস স্টিল ফ্যাসেডসহ আর্ট মডার্ন ভবনটির নকশা করেছিল স্থপতি ব্লে এবং লাইম্যান এবং এটি 1940 সালে একটি ডিপার্টমেন্ট স্টোর হিসেবে নির্মিত হয়েছিলো।1940 থেকে 1957 পর্যন্ত, ভবনটি একটি ডিপার্টমেন্ট স্টোর হিসেবে ব্যবহৃত হয়। পরবর্তীতে, এটি স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) অফিসের স্থান হিসেবে ব্যবহৃত হয়।

সিডারল্যান্ড ডেভেলপমেন্ট গ্রুপ হলো ডাঃ ফাদি ড্যাঘার এবং তার পুত্র কেভিন ড্যাঘারের প্রতিষ্ঠিত একটি স্থানীয় রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট কোম্পানি। সম্প্রদায়ের প্রতি ডাঃ ড্যাঘারের ভালোবাসা থেকে প্রথম রিয়েল এস্টেট বিনিয়োগের সূত্রপাত হয়, যা শীঘ্রই বাফেলোর চলমান রেনেসাঁকে ইতিবাচকভাবে প্রভাবিত করার একটি মিশনে পরিবর্তিত হয়। পুরো প্রকল্পজুড়ে তাদের মতো একই ভিশনসহ বহু অংশীদারের সাথে সহযোগিতামূলক কাজ করতে পেরে সিডারল্যান্ড ডেভেলপমেন্ট নিজেদের ভাগ্যবান মনে করে। সম্প্রদায় সংরক্ষণ কর্পোরেশন কর্তৃক প্রকল্পের অর্থায়ন সম্পূর্ণ হয়েছে এবং নির্মাণকাজের ব্যবস্থাপন করছে বাফেলো কনস্ট্রাকশন কন্সাল্টেন্টস (Buffalo Construction Consultants)।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "950 ব্রডওয়ের বহুল প্রতীক্ষিত অভিযোজিত পুনর্ব্যবহার ইস্ট বাফেলোর একটি প্রধান কোণায় অর্থনৈতিক বিকাশ এবং এলাকার পুনরুজ্জীবন নিয়ে আসবে।এটি ব্রডওয়ে-ফিলমোর এলাকার জন্য গভর্নর হোকলের দীর্ঘ দিনের প্রতিশ্রুতি ও বিনিয়োগের সম্পূরক, যার মধ্যে ইস্ট সাইড বাণিজ্যিক জেলা কর্মসূচি, ব্রডওয়ে মার্কেট, সেন্ট্রাল টার্মিনাল এবং অন্যান্য প্রকল্প রয়েছে।"

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ব্রডওয়ে-ফিলমোর এলাকায় 13 মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগটি 28টি সাশ্রয়ী বাসা, অগণিত চাকরির সুযোগ, এবং অ্যাক্সেসিবল, মানসম্পন্ন চাইল্ডকেয়ারের রূপে নতুন জীবন ও প্রাণোচ্ছলতার প্রতিশ্রুতি প্রদান করে। এই প্রয়াসে অংশীদারিত্ব করতে পেরে HCR গর্বিত এবং এলাকাকে পুনর্জীবিত করতে এবং অত্যন্ত দৃশ্যমান এবং স্থাপত্যের দিক দিয়ে উল্লেখজনক এই ভবনকে নতুন জীবন প্রদান করতে ইস্ট বাফেলোতে আমাদের কাজ অব্যাহত রাখতে পেরে আমরা কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেটের স্টেট সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "এই প্রকল্পটি খালি পড়ে থাকা সম্প্রদায়ের দৃষ্টিকটু একটি ভবনকে একটি প্রাণবন্ত, মিশ্র ব্যবহারের সম্প্রদায়ের সম্পদে পরিণত করবে, যা অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন, চাইল্ডকেয়ার প্রদান করবে এবং খাদ্য পাওয়ার সুযোগ ও অনিরাপত্তার সমাধান করবে।উদ্ভাবনী এই প্রকল্পটি হলো ব্রডওয়ে-ফিলমোর জেলায় ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের রূপান্তরকারী প্রভাবের সূচনামাত্র এবং এটি ইস্ট বাফেলোর পুনর্জীবন ও এখানে পুনরায় প্রাণ সঞ্চার করতে গভর্নর হোকলের বৃহত্তর প্রতিশ্রুতির উজ্জ্বল একটি প্রমাণস্বরূপ।"

সিডারল্যান্ড ডেভেলপমেন্ট গ্রুপের প্রতিষ্ঠাতা ডাঃ ফাদি ড্যাঘার বলেন, "950 ব্রডওয়ে শুধু একটি ভবনের নয়, বরং আমাদের সম্প্রদায় পুনরুজ্জীবনে আমাদের প্রতিশ্রুতির প্রতিনিধিত্ব করে। আমাদের সম্প্রদায়ের অংশীদার ও নির্বাচিত কর্মকর্তাদের সাথে সহযোগিতায় অত্যাবশ্যকীয় এলাকার সেবা এবং সাশ্রয়ী আবাসন প্রকল্প প্রদান করার মাধ্যমে সম্প্রদায়ের চাহিদা পূরণ করতে আমরা নিবেদিত।"

স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন, "এটি হলো আমাদের শহরের ইতিহাসকে নতুন উদ্দেশ্য ব্যবহার করছে এমন প্রকল্পের একটি প্রধান উদাহরণ, এবং তা করতে গিয়ে অর্থনৈতিক এবং সম্প্রদায়ভিত্তিক বিকাশের বাস্তব সুযোগ তৈরি করা হচ্ছে।অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা

ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "আমার যতদূর মনে পরে একার্ডটস ভবনকে আমি শেষবার সক্রিয় দেখেছি প্রায় দুই দশক পূর্বে যখন এটি নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের অফিস ছিলো।

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "আমার যতদূর মনে পরে একার্ডটস ভবনকে আমি শেষবার সক্রিয় দেখেছি প্রায় দুই দশক পূর্বে যখন এটি নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের অফিস ছিলো। ইনডোর কৃষি,নতুন আবাসিক বসবাস, এবং একটি বিনামূল্যের হেড স্টার্ট ডে কেয়ার সেন্টার নিয়ে তৈরি মিশ্র ব্যবহারের ভবনটি হলো 'বসবাস, কাজ ও খেলার' স্থানের একটি প্রতীক যা এলাকার ঘনত্ব উন্নত করতে এবং কর্মকাণ্ড বৃদ্ধি করতে সাহায্য করবে।সম্প্রদায়ের এই নোঙ্গরটিকে পুনরায় সক্রিয় হতে দেখে আমি অত্যন্ত খুশি, এবং এলাকার বাসিন্দাদের চাহিদা উপলব্ধি করার জন্য এবং পরিণামে তাদের জীবনযাত্রার মান উন্নত করতে কাজ করার জন্য আমি সিডারল্যান্ড ডেভেলপমেন্ট এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের CAO কে অভিনন্দন জানাতে চাই।"

বাফেলো সিটির মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন, "বাফেলো সিটির বিকাশে গভর্নর ক্যাথি হোকলের অব্যাহত নিবেদনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। এই প্রকল্পের কাজ শুরু করার জন্য সিডারল্যান্ড ডেভেলপমেন্ট এলএলসির পরিশ্রমের জন্য আমি তাদের প্রশংসা করছি। 2022 সালে স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের জন্য একটি প্রতিযোগিতামূলক আবেদন প্রক্রিয়ার মাধ্যমে সিটি 10 মিলিয়ন মার্কিন ডলার লাভ করে। এই নিশ্চিত স্টেট তহবিলের মাধ্যমে আমরা 950 ব্রডওয়ে প্রকল্পের ডেকেয়ার অংশটির নির্মাণে সহায়তা করতে পেরেছি।DRI আবেদনে প্রতিযোগিতা করার জন্য এবং স্থানীয় পরিকল্পনা কমিটিকে প্রকল্পের পরিকল্পনা নিয়ে সাহায্য করার জন্য আমাদের কৌশলী পরিকল্পনা অফিসের (Office of Strategic Planning) কঠোর পরিশ্রমের জন্য আমি গর্বিত। 950 ব্রডওয়ে প্রকল্পের পাশাপাশি, সিটি ব্রডওয়ে ফিলমোর এলাকার অন্যান্য প্রকল্পের জন্য তহবিল নিশ্চিত করেছে যেমন সিয়ার্স প্যাডারিউস্কি পার্কের পুনরুজ্জীবন, মার্কেটের প্ল্যাটার গার্ডেনসে সাশ্রয়ী আবাসন, এবং ম্যাট আর্বান সেন্টারের উন্নয়ন।"

ফিলমোর জেলা পরিষদের (Fillmore District Council) সদস্য মিচ নোয়াকোওস্কি বলেন, "সিডারল্যান্ড ডেভেলপমেন্ট এলএলসির নেতৃত্বে রূপান্তরমূলক এই প্রকল্পটি একটি দীর্ঘদিন খালি পড়ে থাকা ভবনে নতুন প্রাণ সঞ্চার করবে এবং আমাদের এলাকায় সাশ্রয়ী আবাসন, শিক্ষা সুযোগ, এবং চাকরির সম্ভাবনা নিয়ে আসবে।কৌশলী বিনিয়োগের মাধ্যমে আমরা যে ইতিবাচক প্রভাব অর্জন করতে পারি এটি তার প্রমাণ, এবং ইস্ট বাফেলোর কেন্দ্রে এই ডেভেলপমেন্টটিকে বিকশিত হতে দেখার জন্য আমি উন্মুখ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন